রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ৫, ২০১৮

## ৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

বাংলাদেশ নির্বাচন কমিশন
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
জামালপুর

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০৫ এপ্রিল ২০১৮ খ্রিঃ

নং **১৭.০৯.৩৯০০.০০০.৪১.০০১.১৮-১৬১**—নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর পত্র নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০৬০.১৬-৯৪ তারিখ: ০২ এপ্রিল ২০১৮ স্মারকের নির্দেশনা মোতাবেক আমি মোহাম্মদ মুঞ্জুরুল আলম, জেলা নির্বাচন অফিসার, জামালপুর স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ এর উপ-বিধি-১ অনুসারে জামালপুর জেলার নিম্নে উল্লিখিত ২নং কলামে বর্ণিত উপজেলার ৩নং কলামে বর্ণিত ইউনিয়নের ৪নং কলামে বর্ণিত পদে উপ-নির্বাচন পরিচালনার জন্য ৫নং কলামে বর্ণিত কর্মকর্তাকে রিটার্নিং অফিসার নিয়োগ করিলাম।

| ক্রমিক নং | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম | রিটার্নিং অফিসারের নাম, পদবি ও কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | দেওয়ানগঞ্জ | ডাংধরা | ২ নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য | মোঃ রফিকুল ইসলাম<br>উপজেলা নির্বাচন অফিসার<br>দেওয়ানগঞ্জ, জামালপুর |

জনস্বার্থে এ আদেশ জারি করা হইল এবং অবিলম্বে কার্যকর হইবে।

**মোহাম্মদ মুঞ্জুরুল আলম**
জেলা নির্বাচন অফিসার।

---

সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
পটুয়াখালী

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২১ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ/০৪ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

নং **১৭.০৬.৭৮০০.০০০.৪১.০০১.১৭-১০৪**—নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা এর ০২ এপ্রিল, ২০১৮ খ্রিঃ তারিখের স্মারক নং ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৩.১৭-৯৪ মোতাবেক পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলার চিকনিকান্দি ইউনিয়নের চেয়ারম্যান ও ০৮ নং সাধারণ ওয়ার্ডের সদস্য শূন্যপদে উপ-নর্বাচন পরিচালনার নিমিত্তে আমি খান আবি শাহানুর খান, জেলা নির্বাচন অফিসার, পটুয়াখালী স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৫(১) বিধি মোতাবেক নির্বাচন পরিচালনার জন্য জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন, উপজেলা নির্বাচন অফিসার, গলাচিপা, পটুয়াখালীকে রিটার্নিং অফিসার নিয়োগ করিলাম।

**নং ১৭.০৬.৭৮০০.০০০.৩২.০০১.১২-১০৫**—যেহেতু, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা এর ০২ এপ্রিল, ২০১৮ খ্রিঃ তারিখের স্মারক নং ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৩.১৭-৯৪ মোতাবেক পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলার চিকনিকান্দি ইউনিয়নের চেয়ারম্যান ও ০৮ নং সাধারণ ওয়ার্ডের সদস্য শূন্যপদে উপ-নির্বাচনের সময়সূচী ধার্য্য করে নির্দেশনা জারি করেছেন।

সেহেতু, উক্ত নির্দেশনার আলোকে আমি, খান আবি শাহানুর খান, জেলা নির্বাচন অফিসার, পটুয়াখালী স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য গলাচিপা উপজেলার চিকনিকান্দি ইউনিয়নের চেয়ারম্যান ও ০৮ নং সাধারণ ওয়ার্ডের সদস্য শূন্যপদে উপ-নির্বাচনের নিম্নবর্ণিত সময়সূচী নির্ধারণ করিয়া বিজ্ঞপ্তি জারি করিলাম।

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসারের নিকট অথবা অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৬ এপ্রিল ২০১৮<br>০৩ বৈশাখ ১৪২৫ | (সোমবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৯ এপ্রিল ২০১৮<br>০৬ বৈশাখ ১৪২৫ | (বৃহস্পতিবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৬ এপ্রিল ২০১৮<br>১৩ বৈশাখ ১৪২৫ | (বৃহস্পতিবার) |
| (ঘ) | ভোটগ্রহণের তারিখ | : | ১৫ মে ২০১৮<br>০১ জ্যৈষ্ঠ ১৪২৫ | (মঙ্গলবার) |

**খান আবি শাহানুর খান**
জেলা নির্বাচন অফিসার।

---

**উপ পরিচালকের কার্যালয়**
**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঠাকুরগাঁও**

**অফিস আদেশ**

তারিখ : ২২ মে ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৬৭৮**—অত্র দপ্তরের আওতায় মোঃ শফিউল আলম, সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, সদর ঠাকুরগাঁও এর জন্ম তারিখ: ২৪-০৫-১৯৫৯ ইং মোতাবেক আগামী ২৩-০৫-২০১৮ তারিখ তার বয়স ৫৯ বছর পূর্তি হবে। এমতাবস্থায় অর্থ মন্ত্রণালয়ের ০৬-০৪-২০১০ ইং তারিখের অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-০৩/২০১০(অংশ-৩)/৬২ সংখ্যক প্রজ্ঞাপনের (ক) অনুচ্ছেদ এবং সংশোধিত নির্দ্ধারিত ছুটি বিধি ১৯৫৯ ইং সনের ৩(১), বি(২) ধারা মোতাবেক ২৩-০৫-২০১৮ ইং তারিখে অবসর গ্রহণ এবং ২৪-০৫-২০১৮ হতে ২৩-০৫-১৯ ইং তারিখ পর্যন্ত ১২ (বার) মাসের পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

**মোঃ আফতাব হোসেন**
উপপরিচালক।

---

**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ মে ২০১৮ খ্রিঃ

**নং ২৬.০৬.০০০০.০০১.১৮.০০১.২০১২/২২৭২**—এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাইতেছে যে, কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬(৫) ধারার বিধান মোতাবেক যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয়ের নিবন্ধন বহি হইতে নিম্নে বর্ণিত কোম্পানি সমূহের নাম কাটিয়া (STRUCK OFF) দেওয়া হইল এবং সাথে সাথে কোম্পানিগুলি বিলুপ্ত হইল :

| SL No. | NAME OF THE COMPANY |
|---|---|
| 01 | ZOJE Sewing Machine Co. Bangladesh Ltd., C-109774 |
| 02 | DECORATIVE STONE (PRIVATE) LIMITED., C-90014 |
| 03 | Fenchugonj Trading Co. Limited, Reg No. C-67249 |
| 04 | Heritage Agro Farms Limited, Reg No. C-60439 |
| 05 | NIMBUS LIMITED, Reg No. C-79129 |
| 06 | Gouri Apparels Limited, Reg No. C-26645 |
| 07 | Fashion Paradise Limited, Reg No. C-42484 |
| 08. | Esquire Knitwear Limited, Reg No. C-25239 |
| 09 | ibibo Ltd., Reg No. C-132325 |
| 10 | Partex Apparels Ltd., Reg No. C-29859 |

| SL No. | NAME OF THE COMPANY |
|---|---|
| 11 | Partex Chemical Industries Ltd., Reg No. C-43909 |
| 12 | Partexcorp Limited., Reg No. C-39739 |
| 13 | PARTEX PACKAGING LIMITED., Reg No. C-70150 |
| 14 | New Horizon Farms Ltd., Reg No. C-76613 |
| 15 | Jami Composite Textile Mills Ltd. Reg No. C-29258 |
| 16 | Sami Paper Mills Ltd., Reg No. C-29803 |
| 17 | Brothers Publishers Ltd., Reg No. C-12975 |
| 18 | Chowdhury Steel Re-Rolling Mills (Pvt.) Ltd., Reg No. C-15225 |
| 19 | Jadroo BPO Ltd., Reg No. C-128066 |
| 20 | PARTEX SHIP YARDS Ltd., Reg No. C-80520 |
| 21 | Fakirtex Ltd., Reg No. C-104191 |

তবে শর্ত থাকে যে, কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬(৫) ধারা মতে যদি কোন পরিচালক বা সদস্যদের কোন দায়-দেনা থাকে তাহা অব্যাহত থাকিবে।

**মোঃ হারুন-অর-রশীদ**
সহকারী রেজিস্ট্রার
রেজিস্ট্রারের পক্ষে।

---

**নোটিশ**

তারিখ : ০২ আগস্ট ২০১৭ খ্রিঃ

**নং রেজসকো/২৬২(১)**—এতদ্বারা কোম্পানি আইন, ১৯৯৪ এর ২৪১(চ) ধারা বিধান অনুযায়ী মহামান্য সুপ্রীম কোর্ট অব বাংলাদেশ এর হাইকোর্ট ডিভিশনের কোম্পানি ম্যাটার নং ৫৭ অব ২০১৬ তারিখ ২২-১১-২০১৬ খ্রিঃ এর আদেশমতে বাংলাদেশ ইনফ্রাটেল নেটওয়ার্কস লিমিটেড কোম্পানিটি অবলুপ্তি হয়েছে।

**মুহাম্মদ শফিকুল ইসলাম**
সহকারী নিবন্ধক।

---

**কমিশনার, ঢাকা বিভাগ এর কার্যালয়, ঢাকা**
**(রাজস্বশাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ/২১ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৫.৪১.৩০০০.০০৯.১৮.০০২.১৮-২০৫**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পার্শ্বে উল্লিখিত কার্যালয়ে বদলি/পদায়ন করা হলো :

| ক্রমিক নম্বর | কর্মকর্তার নাম, পরিচিতি নং, পদবি ও বর্তমান কর্মস্থল | বদলি/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | জনাব মোঃ জোবায়ের রহমান রাশেদ, পরিচিতি নং : ১৭৫৩৯<br>সহকারী কমিশনার (ভূমি) হিসেবে কমিশনার, ঢাকা বিভাগের কার্যালয়ে যোগদানকৃত<br>নিজ জেলা : কুষ্টিয়া | উপজেলা ভূমি অফিস<br>সদরপুর, ফরিদপুর |
| ২। | জনাব ফয়জুন্নেসা আক্তার, পরিচিতি নং : ১৭৫৭৩<br>সহকারী কমিশনার (ভূমি) হিসেবে কমিশনার, ঢাকা বিভাগের কার্যালয়ে যোগদানকৃত<br>নিজ জেলা : কিশোরগঞ্জ | উপজেলা ভূমি অফিস<br>বেলাবো, নরসিংদী |

২। বদলি/পদায়নকৃত উপরোক্ত কর্মকর্তাদ্বয়কে জনবান্ধব ভূমি অফিসে ১৫ (পনের) দিন সংযুক্ত রেখে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে অনুরোধ করত অদ্য ২১ মার্চ ২০১৮ তারিখ অপরাহ্নে অত্র কার্যালয় হতে অবমুক্ত করা হলো।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**মোঃ নুরুন্নবী**
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)।

## বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম
(সংস্থাপন শাখা)

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৮ মে ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৫.৪২.০০০০.০১৪.১৯.০১৩.১৭-৪০১—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পাশে বর্ণিত জেলায় রেভিনিউ ডেপুটি কালেক্টর হিসেবে বদলি/পদায়ন করা হল :

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | বর্তমান কর্মস্থলের নাম | যে উপজেলায় বদলি/পদায়ন করা হল |
|---|---|---|---|
| ১। | জনাব এ. কে. এম সাইফুল আলম (১৭১৮৭)<br>নিজ জেলা : ঢাকা<br>স্পাউসের জেলা : গাজীপুর | রেভিনিউ ডেপুটি কালেক্টর হিসেবে পদায়নের জন্য বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রামে ন্যস্ত | রেভিনিউ ডেপুটি কালেক্টর জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং বর্ণিত কর্মকর্তা অবিলম্বে বদলি/পদায়নকৃত কর্মস্থলে যোগদান করবেন।

তারিখ : ১৮ এপ্রিল, ২০১৮ খ্রিঃ

নং ০৫.৪২.০০০০.০১৪.০২.০০২.১৬-২৯৭—বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তা জনাব সুরাইয়া আক্তার সুইটি (১৬৮০১), সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রামকে এ অফিসের গত ০৪-০৪-২০১৮ খ্রিঃ তারিখের ০৫.৪২.০০০০.০১৪.০২.০০২.১৬-২৫৮ সংখ্যক স্মারকের প্রজ্ঞাপনমূলে জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজারে বদলি/পদায়ন করা হয়েছিল। অনিবার্য কারণবশত উক্ত আদেশটি এতদ্বারা বাতিল করা হল।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

**শংকর রঞ্জন সাহা**
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)।

---

## বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
(সংস্থাপন শাখা)

### প্রজ্ঞাপন

তারিখ : ২০ মে ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৫.৪৬.০০০০.০০৪.১৯.০১৭.১৮-৪৩৩—সিলেট বিভাগে ন্যস্তকৃত নিম্নবর্ণিত কর্মকর্তাকে নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে বদলি/পদায়ন করা হল :

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবি ও পরিচিতি নম্বর | নিজ জেলা | স্পাউসের জেলা | বর্তমান কর্মস্থল | বদলি/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|---|
| ১। | জনাব দেবাংশু কুমার সিংহ (১৬৯৪২)<br>উপজেলা নির্বাহী অফিসার | মৌলভীবাজার | মৌলভীবাজার | উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের জন্য বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এ ন্যস্ত | আজমিরীগঞ্জ, হবিগঞ্জ |

২। বর্ণিত কর্মকর্তা ০৭-০৫-২০১৮ তারিখ পূর্বাহ্নে এ কার্যালয়ে যোগদান করেছেন। তাঁকে ২০-০৫-২০১৮ তারিখ অপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. মোছাম্মৎ নাজমানারা খানুম**
কমিশনার।

## বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
## (মাঠ প্রশাসন শাখা)

### প্রজ্ঞাপন

তারিখ : ০৮ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৫.৪৪.০০০০.০০৬.১৯.০১৪.১৮-২১৫**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবি, নিজ ও স্পাউসের জেলা | বর্তমান কর্মস্থল | বদলি/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১। | জনাব রোসলিনা পারভীন (১৭৪১৮)<br>সহকারী কমিশনার<br>নিজ জেলা : ঝিনাইদহ<br>স্পাউসের জেলা : মাগুরা | বিভাগীয় কমিশনারের কার্যালয় খুলনা জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ১৭-০৩-২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১৩৭.১৮.১৬৪.১৭-৯৭ নং প্রজ্ঞাপনমূলে এ কার্যালয়ে যোগদানকৃত | জেলা প্রশাসকের কার্যালয়, যশোর |

২। বর্ণিত কর্মকর্তা ০৮-০৪-২০১৮ তারিখে এ কার্যালয়ে যোগদান করেছেন। তাকে এ কার্যালয় থেকে কোন বেতন ভাতাদি প্রদান করা হয়নি।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**লোকমান হোসেন মিয়া**
বিভাগীয় কমিশনার।

---

## (এস এ শাখা)

### প্রজ্ঞাপন

তারিখ : ০৯ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৫.৪৪.০০০০.০০২.১২.০০১.১৭-৩০২**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদেরকে তাদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলা ভূমি অফিসে সহকারী কমিশনার (ভূমি) পদে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো :

| ক্রঃ নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর, পদবি, নিজ জেলা এবং স্পাউসের জেলা | যে প্রজ্ঞাপনমূলে ন্যস্ত | বর্তমান কর্মস্থল | বদিল/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ আলমগীর হুসাইন (১৭০৭৩)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা : খুলনা<br>স্পাউসের জেলা : খুলনা। | - | উপজেলা ভূমি অফিস, মোরেলগঞ্জ, বাগেরহাট। | উপজেলা ভূমি অফিস, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা। |
| ২। | জনাব সাধন কুমার বিশ্বাস (১৭৬২০)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা : নড়াইল<br>স্পাউসের জেলা : নড়াইল। | ভূমি মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং ৩১.০০.০০০০.০৪৬.১৯.০৫৫.১৪-১৪০ তারিখ : ১৯-০৩-১৮ খ্রিঃ | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা | উপজেলা ভূমি অফিস, ঝিকরগাছা, যশোর। |

২। ২নং ক্রমিকে বর্ণিত কর্মকর্তাকে যশোর সদর উপজেলা ভূমি অফিসে (ইউনিয়ন ভূমি অফিসসহ) আগামী ১৫-০৪-২০১৮ হতে ৩০-০৪-২০১৮ তারিখ পর্যন্ত ১৫ (পনের) দিন মেয়াদী প্রশিক্ষণ গ্রহণের নিমিত্তে এতদ্দ্বারা সংযুক্ত করা হলো। প্রশিক্ষণ শেষে সংশ্লিষ্ট কর্মকর্তা তাঁর বদলি/পদায়নকৃত কর্মস্থলে যোগদান করবেন। বর্ণিত কর্মকর্তাকে এ কার্যালয় হতে কোন বেতন/ভাতাদি প্রদান করা হয়নি। তাকে অদ্য ০৯-০৪-২০১৮ খ্রিঃ অপরাহ্নে এ কার্যালয় হতে অবমুক্ত করা হলো।

৩। সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে নিজ অধিক্ষেত্রে দায়িত্ব পালনের নিমিত্ত সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে সার্টিফিকেট অফিসারের ক্ষমতা অর্পণের মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**লোকমান হোসেন মিয়া**
বিভাগীয় কমিশনার।

**তথ্য অধিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ মে ২০১৮ খ্রিঃ

**নং ১৫.৫২.০০০০.০১১.১৯.৩৪১.১৮-১৬৪০**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৭-০৯-২০১৭ তারিখের ৮০.১০২.০১১.০০.০০.০২.২০১৬-২৯৪ নম্বর পত্রের সুপারিশ এবং তথ্য মন্ত্রণালয়ের ২৬ এপ্রিল ২০১৮ তারিখের ১৫.০০.০০০০.০২৫.১১.০০৩.১৫-১১৮ নম্বর পত্রের পরিপ্রেক্ষিতে তথ্য অধিদপ্তর, ঢাকার ৮ মে ২০১৮ তারিখের ১৫.৫২.০০০০.০১১.১৯.৩৪১.১৮-১৫০৬ নম্বর স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন মোতাবেক নবনিয়োগপ্রাপ্ত নিম্নবর্ণিত ০৯ (নয়) জন কর্মকর্তা তথ্য অধিদপ্তর, ঢাকায় যোগদান করেছেন :

| ক্রঃ নং | কর্মকর্তার নাম | যোগদানকৃত পদ | যোগদানের তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ রুপাল মিয়া | সহকারী তথ্য অফিসার | ১৫-০৫-২০১৮ পূর্বাহ্নে |
| ২। | জনাব মোঃ আনিছুর রহমান | সহকারী তথ্য অফিসার | ১৫-০৫-২০১৮ পূর্বাহ্নে |
| ৩। | জনাব মোঃ সিকান্দার আবু জাফর | সহকারী তথ্য অফিসার | ১৫-০৫-২০১৮ পূর্বাহ্নে |
| ৪। | জনাব মোঃ আতিকুর রহমান মুফতি | সহকারী তথ্য অফিসার | ১৫-০৫-২০১৮ পূর্বাহ্নে |
| ৫। | জনাব মোঃ রমজান আলী | সহকারী তথ্য অফিসার | ১৫-০৫-২০১৮ পূর্বাহ্নে |
| ৬। | জনাব মোঃ রুবেল হোসাইন | সহকারী তথ্য অফিসার | ১৫-০৫-২০১৮ পূর্বাহ্নে |
| ৭। | জনাব মোঃ রিদওয়ানুর রহমান রুবাইয়াৎ | সহকারী তথ্য অফিসার | ১৫-০৫-২০১৮ পূর্বাহ্নে |
| ৮। | জনাব মোহাম্মদ মনিরুজ্জামান | সহকারী তথ্য অফিসার | ১৫-০৫-২০১৮ পূর্বাহ্নে |
| ৯। | জনাব সেলিনা আক্তার | সহকারী তথ্য অফিসার | ১৫-০৫-২০১৮ পূর্বাহ্নে |

১৫-০৫-২০১৮ তারিখ পূর্বাহ্নে যোগদানকৃত সংশ্লিষ্ট কর্মকর্তাদের যোগদানপত্র এ প্রজ্ঞাপনমূলে গৃহীত হলো।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**কামরুন নাহার**
প্রধান তথ্য অফিসার।

---

**কার্যালয় আদেশ**

তারিখ : ১৪ মে ২০১৮ খ্রিঃ

**নং ১৫.৫২.০০০০.০১১.১৮.০৭০.১৪-১৬১০**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৩ মে ২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১৩২.১৯.০০৮.১৭-৩০৮ নম্বর প্রজ্ঞাপন মোতাবেক বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডারের সদস্য তথ্য অধিদপ্তরের সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার জনাব মোঃ আবুল কালাম আজাদকে উপ-প্রেস সচিব পদে প্রেষণে জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়ে পদায়ন করা হয়। তিনি উক্ত পদে যোগদানের লক্ষ্যে এ অধিদপ্তর থেকে অবমুক্তির জন্য আবেদন করেছেন।

পরিপ্রেক্ষিতে উল্লিখিত কর্মস্থলে যোগদানের জন্য তাঁকে ১৪ মে ২০১৮ তারিখ (পূর্বাহ্নে) এ অধিদপ্তর থেকে অবমুক্ত করা হলো।

**কামরুন নাহার**
প্রধান তথ্য অফিসার।

---

**বাংলাদেশ পুলিশ**
**রেলওয়ে পুলিশ হেডকোয়ার্টার্স**

**আদেশ**

তারিখ : ২০ মে ২০১৮ খ্রিঃ

**নং ২৫**—পুলিশ হেডকোয়ার্টার্স ঢাকা স্মারক নং জিএ/১০-২০১৬(ইন্স)/১৫৫২/১(১৫) তারিখ : ৩০-০৪-২০১৮ খ্রিঃ মূলে কুড়িগ্রাম জেলা হতে বদলিসূত্রে রেলওয়ে পুলিশ হেডকোয়ার্টার্সে যোগদানকৃত নিম্নবর্ণিত নিরস্ত্র পুলিশ পরিদর্শককে তার নামের পার্শ্বে বর্ণিত স্থানে জনস্বার্থে বদলি করা হলো :

জনাব তাপস চন্দ্র পন্ডিত (বিপি-৬৮৯১০৩৮৭৮১), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, (২০-০৫-২০১৮ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে অত্র হেডকোয়ার্টার্সে যোগদানকৃত)—চট্টগ্রাম রেলওয়ে জেলা।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ আবুল কাশেম**, বিপিএম-সেবা
অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক।

## রেঞ্জ ডিআইজির কার্যালয়, ময়মনসিংহ

### আদেশাবলি

তারিখ : ২৩ মে ২০১৮ খ্রিঃ

নং ৩১০—নিম্নবর্ণিত নিরস্ত্র পুলিশ পরিদর্শক এর নামের পার্শ্বে বর্ণিত জেলায় জনস্বার্থে বদলি করা হ'ল :

| ক্রঃ নং | নাম, বিপি নম্বর ও পদবি | পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং ও তারিখ | বদলিকৃত জেলার নাম |
|---|---|---|---|
| ১। | জনাব এ. কে. এম কাউসার চৌধুরী<br>বিপি-৬৬৯১০৫১৬৬৬<br>নিরস্ত্র পুলিশ পরিদর্শক | পুলিশ হেডকোয়ার্টার্স বিজ্ঞপ্তি নং-৪৪.০১.০০০০.০১১.১৫.০০৪.২০১৮-১৬৯৯ তারিখ : ১০-০৫-২০১৮ খ্রিঃ মূলে টাঙ্গাইল জেলা হতে আগত ২০-০৫-২০১৮ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে অত্র দপ্তরে যোগদানকৃত। | জামালপুর জেলা |

এ আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

তারিখ : ২৪ মে ২০১৮ খ্রিঃ

নং ৩১৪—নিম্নবর্ণিত নিরস্ত্র/শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক'গণ-কে তাদের পার্শ্বে বর্ণিত জেলায় জনস্বার্থে বদলি করা হ'ল :

| ক্রঃ নং | নাম, বিপি নম্বর ও পদবি | পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং ও তারিখ | বদলিকৃত জেলার নাম |
|---|---|---|---|
| ১। | জনাব আহম্মেদ কবীর হোসেন<br>বিপি-৬৮৯৩০৩৪৫১৪<br>নিরস্ত্র পুলিশ পরিদর্শক। | পুলিশ হেডকোয়ার্টার্স বিজ্ঞপ্তি নং-৪৪.০১.০০০০.০১১.১৫.০০৪.২০১৮-১৬৯৮ তারিখ : ১০-০৫-২০১৮ খ্রিঃ মূলে ঝিনাইদহ জেলা হতে আগত ২০-০৫-২০১৮ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে অত্র দপ্তরে যোগদানকৃত। | ময়মনসিংহ জেলা |
| ২। | জনাব আলী আহছানুজ্জামান<br>বিপি-৭১৯৪০৪৬৬৫২<br>শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক, জামালপুর জেলা। | - | নেত্রকোণা জেলা |

এ আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

**নিবাস চন্দ্র মাঝি**
পুলিশ কমিশনার।

---

## সিলেট মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স

### দপ্তর আদেশ

তারিখ : ০৬ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ/২০ মে ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৪২-২০১৮/গোপ/৬৪৪(১০)—সরকারি কর্মচারী (অবসর গ্রহণ) আইন-১৯৭৪ এর ৪ ধারা এবং ১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধিমালার ৩(১) বি(২) বিধি, অর্থ মন্ত্রণালয়ের চাকুরি (বেতন ও ভাতাদি) আদেশ-২০০৫ এর ৬(১৩) অনুচ্ছেদ এবং পুলিশ হেডকোয়ার্টার্স ঢাকা স্মারক নং-জিএ/৪৭-২০০৫/(ইস)/১০০৫/১(২০২), তারিখঃ ১৪-০৫-২০০৫ খ্রিঃ মূলে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত কর্মকর্তার নামের পার্শ্বে বর্ণিত অবসর ও অবসর উত্তর ছুটি মঞ্জুর করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | জন্ম তারিখ | অবসর ও অবসর উত্তর ছুটির তারিখ |
|---|---|---|---|
| ১। | জনাব জীবন কৃষ্ণ দে<br>বিপি-৫৯৭৯০৯৭১২৯<br>নিরস্ত্র পুলিশ পরিদর্শক, ডিবি ও প্রসিকিউশন বিভাগ, এসএমপি, সিলেট। | ১৯৫৯ খ্রিঃ (০১-০৭-১৯৫৯ খ্রিঃ) | ৫৯ বছর পূর্তিতে তার অবসর গ্রহণের তারিখ ৩০-০৬-২০১৮ খ্রিঃ। সে মোতাবেক ০১-০৭-২০১৮ খ্রিঃ হতে ৩০-০৬-২০১৯ খ্রিঃ পর্যন্ত পূর্ণ গড় বেতনে ০১(এক) বছর অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর। |

**গোলাম কিবরিয়া**
পুলিশ কমিশনার।

**জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ মামলা নং : ০২/২০১৬-১৭**
**ফরম-ঘ**
**(৫ নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণাপত্র**
**[ ১১(২) ধারা মোতাবেক ]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রাদন করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজা : মুন্সী কলিগ্রাম, জে,এল নং : ১৭৫, উপজেলা: মুকসুদপুর, জেলা-গোপালগঞ্জ

| খতিয়ান নং (এস. এ) | দাগ নং (এস. এ) | মোট জমি | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ৫৩ | ৭১ | ০.৭৫ | ০.২৯৫০ |
| ২৪ | ৭২ | ০.১৩ | ০.০৬৫০ |
| ৫৩ | ৭৪ | ০.২৬ | ০.০৮৫০ |
| ২৭, ২৮ | ৭৫ | ০.৪১ | ০.১৮০০ |
| ২৮ | ৭৬ | ০.৪১ | ০.৩০৫০ |
| ৫০, ৫১ | ৭৭ | ০.৮৬ | ০.০৮৫০ |
| ৪৮ | ৯৩ | ০.৩৩ | ০.০৯৫০ |
| ০২ | ৯৬ | ০.৫৪ | ০.০৯০০ |
| ২৪ | ৯৭ | ০.৫০ | ০.২৭০০ |
| ২৮ | ৯৮ | ০.৪১ | ০.১৫০০ |
| ২৪ | ৯৯ | ০.৫৮ | ০.০২০০ |
| ৫৩ | ১৭৫ | ১.১০ | ০.৫০০০ |
| | | মোট = | **২.১৪ একর।** |

মৌজা : কলিগ্রাম, জে,এল নং : ২০৫, উপজেলা: মুকসুদপুর, জেলা-গোপালগঞ্জ

| খতিয়ান নং (এস. এ) | দাগ নং (এস. এ) | মোট জমি | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ১১০ | ৯৩ | ০.৪৩ | ০.২৬৫০ |
| ২৪২, ২৪৩ | ৯৪ | ১.৬১০০ | ০.৪৫০০ |
| ০১ | ৯৭ | ০.০৭ | ০.০২ |
| | | মোট = | **০.৭৩৫০ একর।** |

মৌজা : বনগ্রাম, জে,এল নং : ১৭৬, উপজেলা: মুকসুদপুর, জেলা-গোপালগঞ্জ

| খতিয়ান নং (এস. এ) | দাগ নং (এস. এ) | মোট জমি | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| - | ৫৭২ | - | ০.০১৫ |
| ১৬২ | ৫৬৯ | ০.৬৩ | ০.৮৮০০ |
| - | ৫৭৪ | ০.৩০ | ০.১৪০০ |
| ২০৩ | ৫৭৫ | ০.৩০ | ০.১৫৫০ |
| ৪০০ | ৫৮৬ | ০.৭০ | ০.০৯৫০ |
| ৪১৭ | ৫৮৮ | ০.৭০ | ০.০৪৫০ |
| - | ৫৮৯ | ০.১৬ | ০.০৮০০ |
| ৩৩২ | ৫৯০ | ০.১৬ | ০.২৪৫০ |
| ৩২৯ | ৫৯১ | ০.৬৯ | ০.২৫০০ |
| ২২১ | ৫৯৭ | ০.৩৪ | ০.০৫০০ |
| ২২৪ | ৫৯৮ | ০.২১৪ | ০.৫৮০০ |
| | | মোট = | **২.৫৩৫০ একর।** |

প্রস্তাবিত মোট জমির পরিমাণ : ১৭৫ নং মুন্সী কলিগ্রাম মৌজায় = ২.১৪০০ একর।
২০৫ নং কলিগ্রাম = ০.৭৩৫০ একর।
১৭৬ নং বনগ্রাম = ২.৫৩৫০ একর।

**সর্বমোট = ৫.৪১ একর।**

**শান্তি মনি চাকমা**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর
(ভূমি হুকুম দখল শাখা)

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১৫ মে ২০১৮ খ্রিস্টাব্দ

**নং জেপ্রমা/এল, এ/০৫.৪১.৫৪০০.১১৬.০৪.০০৪.১৮-৪৯৯—** এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো জাচ্ছে যে, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা হতে সরবরাহকৃত ভূমি/সম্পত্তি অধিগ্রহণ সংক্রান্ত জমির গাছপালার ক্ষতিপূরণ বাবদ=২৩,৬১১ (তেইশ হাজার ছয়শত এগার) টাকার চেকটি (চেক নং-০৩৩৯৯৭, তারিখ ০১-০১-২০১৮) আঃ খালেক বেপারী, পিতা মৃত আরফিন বেপারী সাং: মধ্যচক, পোস্ট: মঠের বাজার, মাদারীপুর সদর, মাদারীপুর এর নামে ০১-০১-২০১৮ খ্রিঃ তারিখে ইস্যু করা হয়েছিল। উক্ত চেকটি চেক গ্রহীতার নিকট হতে হারিয়ে যাওয়ায় তা (মুড়িসহ) বাতিল করা হল। বাতিলকৃত চেকটি দ্বারা কোন প্রকার সরকারি লেনদেন সম্পূর্ণ অবৈধ বলে গণ্য হবে এবং বাতিলকৃত চেকটি ব্যবহারকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য আরো জানানো যাচ্ছে যে, বর্ণিত আঃ খালেক বেপারী, পিতা মৃত আরফিন বেপারী সাং,মধ্যচক, পোস্ট: মঠের বাজার, মাদারীপুর সদর, মাদারীপুর এর নামে ক্ষতিপূরণ বাবদ ১% আয়কর বাদে (২৩৮৪৮-২৩৭)= ২৩,৬১১ (তেইশ  হাজার ছয়শত এগার) টাকার একটি চেক (চেক নং-০৪৪২০৯, তারিখ ১০-০৫-২০১৮ খ্রিঃ) পুনরায় ইস্যু করা হলো।

**মোঃ ওয়াহিদুল ইসলাম**
জেলা প্রশাসক।

---

জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
(ভূমি হুকুম দখল শাখা)
অধিগ্রহণ কেইস নং-০৫/২০১৭-২০১৮
ফরম-ঘ
(৫নং বিধি দ্রষ্টব্য)
ঘোষণা
[ ১১(২) ধারা মোতাবেক ]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করতে হবে এবং তদনুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল অধ্যাদেশ ১৯৮২ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে এর ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে বল গণ্য হয়েছে ;

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হল এবং ইহা সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা-সিলেট, উপজেলা-বিয়ানীবাজার, মৌজা-ফতেপুর, এ এল নং-১০৭।

| এস এ দাগ নং | অধিগ্রহণকৃত পরিমাণ (একর) |
|---|---|
| ৭৪৩ (অংশ) | ০.১৬ |
| ৭৪৪ ,, | ১.১৫ |
| ৭৪৫ ,, | ০.২০ |
| ৭৫০ ,, | ০.৪৯ |

মোট ১.০০ একর

অধিগ্রহণকৃত ভূমির নকশা জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

**মোহাম্মদ আবদুল্লাহ**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
(এস. এ. শাখা)

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৭ বৈশাখ ১৪২৫/১০ মে ২০১৮

**নং ৩১.১০.০৬০০.১০৮.৬৬.০০৫.১৭-৫৮৩—**বরিশাল জেলার মেহেন্দিগঞ্জ উপজেলার মাসকাটা নদীর ১০১ নম্বর সিন্নিরচর মৌজার ০১ নং খতিয়ানের ২০৭১ নং দাগের ৪.৫৯ একর ৪৩/১২৬ নম্বর ধুলিয়া মধ্যেরচর মৌজার ০১নং খাস খতিয়ানের ১২৮৪ নং দাগের ১১.৪৭ একরের বালুমহাল দু'টি লোদাচর/হেলিচরে রূপান্তরিত হয়ে এক ফসলি জমিতে পরিণত হওয়ায় বিলুপ্ত ঘোষণা করা হলো।

বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এর ধারা ৯(৫) মোতাবেক এ প্রজ্ঞাপন জারি করা হলো।

**মোঃ হাবিবুর রহমান**
জেলা প্রশাসক।

---

জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি
(রাজস্ব শাখা)

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪২৫/২৮ মে ২০১৮

**নং ৩১.১০.৪২০০.০১২.১৩.০০৫.১৮-৮০৯**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুদ্রণ, লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, খুলনা হতে প্রাপ্ত উপজেলা ভূমি অফিস, নলছিটি, ঝালকাঠি এর জন্য সরবরাহকৃত দাখিলা বহি নং B-0638701-0638800 এর ক্রমিক নং B-0638702 ভূলবশত অন্য এসএ সৃজিত খতিয়ানের অনুকূলে প্রদান করায় B-0638702 নম্বর পাতা ডুপ্লিকেট কপিসহ  এতদ্বারা বাতিল করা হলো।

এমতাবস্থায়, উক্ত বাতিলকৃত দাখিলার পাতা ব্যবহার করা যাবে না এবং বাতিলকৃত পাতা কেউ ব্যবহার করলে তা অবৈধ বলে গণ্য হবে এবং ব্যবহারকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**মো. হামিদুল হক**
জেলা প্রশাসক।

---

জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(ব্যবসা ও বাণিজ্য শাখা)

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ/২১ মে ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৫.৪৩.৮১০০.০২০.০১.০০২.১৮-১২১(১০০)**—নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি নিয়ন্ত্রণ আদেশ ১৯৮১ এর ২২(৬) ধারামতে ২০১৮-১৯ অর্থ বছরের জন্য লৌহ ও লৌজাত দ্রব্যাদি, সিমেন্ট, কাপড় (পাইকারী/ খুচরা), সুতা (পাইকারী/খুচরা), মনিকার(স্বর্ণ)/স্বর্ণকার(কারিগর), দুগ্ধজাত দ্রব্য এবং সিগারেট (পাইকারী) বিক্রেতা ও পরিবেশক) এর ডিলিং লাইসেন্স নবায়নের আবেদন দাখিলের মেয়াদ যথা নিয়মে ৩১ মে ২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত নির্ধারিত রয়েছে।

উক্ত তারিখের মধ্যে বর্ণিত লাইসেন্সধারী সকলে তাদের নিজ নিজ লাইসেন্স নবায়নের লক্ষ্যে চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/ সোনালী ব্যাংক লি. রাজশাহী কোর্ট বিল্ডিং শাখায় নবায়ন ফি জমা করে চালানের মূল কপি এবং মূল কপির ফটোকপি (অর্থাৎ দুই কপি) এ অফিসের ব্যবসা ও বাণিজ্য শাখায় (কক্ষ নং-৩১২) লাইসেন্স, হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, জাতীয় পরিচয় পত্র ও অন্যান্য কাগজাদিসহ নির্ধারিত ফরমে আবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।

**এস. এম. আব্দুল কাদের**
জেলা প্রশাসক।

**জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**সংশোধিত বিজ্ঞপ্তি**

তারিখ : ২৩ মে ২০১৮ খ্রি.

**নং ০৫.৪৩.৮১০০.০২২.০৮.০৮/৮৭-৮৮/১৮-২৬৪**—"রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলাধীন রামনগর মৌজায় ৮/৮৭-৮৮ নং এল, এ কেসে ২রা মার্চ, ১৯৮৯ ইং তারিখে ১১(২) ধারা মোতাবেক ৮৮ নং পৃষ্ঠায় ৬ষ্ঠ খণ্ডে ঘোষিত বিজ্ঞপ্তির মৌজা রাজনগর স্থলে "রামনগর" প্রতিস্থাপিত হবে।"

**মোঃ সাবেত আলী**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী**
**(এল. এ শাখা)**
**১৯৮২ সনের সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ**
**মামলা নং-০২/২০১৬-২০১৭**
**ফরম-ঘ**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**
**[ ১১(২) ধারা মোতাবেক ]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করতে হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে ;

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজা-ধলাগাছ, জে. এল. নং-৩৫, উপজেলা-সৈয়দপুর, জেলা-নীলফামারী।

| আর, এস খতিয়ান | আর. এস দাগ নম্বর | অধিগ্রহণ জরিম পরিমাণ (একর) |
|---|---|---|
| ৮৮ | ২৫১৭ | ০.২০ |
| ৪১০ | ২৫২৮ | ০.১৫ |
| | মোট= | ০.৩৫ |

অধিগ্রহণকৃত জমির পরিমাণ=০.৩৫ একর মাত্র।

**মোহাম্মদ খালেদ রহীম**
জেলা প্রশাসক।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**সদর, ময়মনসিংহ।**

**বিজ্ঞপ্তি**

তারিখঃ ২৯ মে ২০১৮ খ্রিঃ

**নং ০৫.৩০.৬১.৫২.০০৩.০১.০০১.১৮-৫৩৩**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন-২০০৯ এর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সদস্য পদ শূন্য হওয়া সংক্রান্ত ধারা ৩৫ এর (২) উপ-ধারা মোতাবেক আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি সেলিম আহমদ, উপজেলা নির্বাহী অফিসার, সদর, ময়মনসিংহ সর্বসাধারণের অবগতির জন্য এ মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, ময়মনসিংহ সদর উপজেলাধীন ৮নং আকুয়া ইউনিয়নের চেয়ারম্যান জনাব আফাজ উদ্দিন সরকার, পিত মৃত-আব্দুর রাজ্জাক সরকার, মাতা মৃত-মোহেরুন নেছা, গ্রাম-আকুয়া মোড়ল বাড়ী, পোঃ ময়মনসিংহ, উপজেলা-ময়মনসিংহ সদর, জেলা-ময়মনসিংহ গত ২৫-০৫-২০১৮ খ্রিঃ তারিখ বাংলাদেশ সময় রোজ শুক্রবার রাত ৮.০০ ঘটিকায় থাইল্যান্ডের রাজধানী ব্যাংকক এর "বামরুনগার্ড ইন্টারন্যাশাল হাসপাতালে" মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহে........রাজেউন)।

বর্ণিত অবস্থায় জনাব আফাজ উদ্দিন সরকার এর মৃত্যুজনিত কারণে ময়মনসিংহ সদর উপজেলাধীন ৮নং আকুয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের পদটি ২৫-০৫-২০১৮ খ্রিঃ তারিখ রাত ৮.১ ঘটিকায় হতে শূন্য ঘোষণা করা হলো।

**সেলিম আহমদ**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা**

**গণবিজ্ঞপ্তি**

তারিখঃ ২২ এপ্রিল ২০১৮ খ্রিঃ

**নং ০৫.৪২.১৯৩৩.০০০.৩৪.০০৩.১৮-৪৭৪**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক, কুমিল্লা মহোদয়ের কার্যালয়ের ২৭ মার্চ, ২০১৮ খ্রিঃ তারিখের ০৫.২০.১৯০০.০৯.০৪৬.০০২.১৭-২৭৭ নং স্মারকের নির্দেশনা এবং উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা-২০১৩ এর বিধি-৫ মোতাবেক এ অফিসের ০৪ এপ্রিল, ২০১৮ তারিখের ০৫.৪২.১৯৩৩.০০০.৩৪.০০৩.১৮-৩৯৬ নং স্মারকে কুমিল্লা জেলার 'কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদ' এর সংরক্ষিত আসনের মহিলা সদস্য সংখ্যা ও সংরক্ষিত আসনের সীমানা নির্ধারণ করে গণবিজ্ঞপ্তি জারি করা হয়; এবং

যেহেতু, নির্ধারিত সময়ের মধ্যে উক্ত গণবিজ্ঞপ্তি সংশোধনের বিষয়ে কাহারো নিকট হতে কোন প্রকার আপত্তি/পরামর্শ/সুপারিশ পাওয়া যায়নি;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ধারা ৬(১)(ঙ) এবং উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর ৫(৬) উপ-বিধিতে অর্পিত ক্ষমতাবলে আমি রূপালী মন্ডল, উপজেলা নির্বাহী অফিসার, 'কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা 'কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদ' এর সংরক্ষিত আসনের মহিলা সদস্য ও সংরক্ষিত আসনের সীমানা নিম্নোক্তরূপে চূড়ান্ত করলাম :

উপজেলা পরিষদের নাম ঃ কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য সংখ্যাঃ ০২(দুই)টি

উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের সীমানা নিম্নরূপ :

| সংরক্ষিত আসনের নাম | সংরক্ষিত আসনের সীমানা |
|---|---|
| সংরক্ষিত মহিলা আসন নং-১ | সমগ্র বিজয়পুর ইউনিয়ন, সমগ্র বারপাড়া ইউনিয়ন এবং সমগ্র চৌয়ারা ইউনিয়ন এলাকা। |
| সংরক্ষিত মহিলা আসন নং-২ | সমগ্র গলিয়ারা ইউনিয়ন, সমগ্র জোড়কানন (পূর্ব) ইউনিয়ন এবং সমগ্র জোড়কানন (পশ্চিম) ইউনিয়ন এলাকা। |

**রূপালী মন্ডল**
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
**রাঙ্গুনিয়া, চট্টগ্রাম**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০১ এপ্রিল ২০১৮ খ্রি:

নং **০০.২৯১.০০.৫১০.০৬.২৬.২০১৮-২২৫**—যেহেতু, চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলার ৯নং শিলক ইউনিয়ন পরিষদের ৬নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ আবদুল কুদ্দুস অসুস্থতা জনিত কারণে গত ২০-০৩-২০১৮ তারিখে মৃত্যুবরণ করেছেন।

যেহেতু, ৯নং শিলক ইউনিয়ন পরিষদের ৬নং ওয়ার্ডের নির্বাচিত সাধারণ সদস্য মৃত্যুবরণ করায় উক্ত ইউনিয়ন পরিষদের ৬নং ওয়ার্ডের সদস্য পদটি শূন্য ঘোষণা করা আবশ্যক।

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) অধ্যাদেশ, ২০০৮ এর ৩৫ (২) ধারা মোতাবেক প্রদত্ত ক্ষমতাবলে আমি মোহাম্মদ কামাল হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম ৯নং শিকল ইউনিয়ন পরিষদের ৬নং ওয়ার্ডের সদস্য পদটি ২০-০৩-২০১৮ খ্রি: হতে শুন্য ঘোষণা করলাম।

**মোহাম্মদ কামাল হোসেন**
উপজেলা নির্বাহী অফিসার।

---

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
**ফটিকছড়ি, চট্টগ্রাম**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২২ মে ২০১৮ খ্রি:

নং **০৫.২০.১৫৩৩.০০১.০৩.০০২.১৮-৭৫৬**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলার ১৭ নং জাফতনগর ইউনিয়ন পরিষদের ৬নং ওয়ার্ডের সাধারণ আসন নির্বাচিত সদস্য জনাব মোঃ শফি, পিতা-মৃত আবদুল করিম (জীবন তালুকদার বাড়ী), গ্রাম-ফতেপুর, ডাকঘর-ফতেপুর, ফটিকছড়ি, চট্টগ্রাম গত ২০-০৫-২০১৮ খ্রি: তারিখে মৃত্যু জনিত কারণে পদটি শূন্য হয়।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন-২০০৯ এর ৩৫(২) এর (১) উপ-ধারা মোতাবেক আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি দীপক কুমার রায়, উপজেলা নির্বাহী অফিসার, ফটিকছড়ি, চট্টগ্রাম এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলার ১৭ নং জাফতনগর ইউনিয়ন পরিষদের ০৬নং ওয়ার্ডের সাধারণ আসনের ইউ, পি সদস্য পদটি ২০-০৫-২০১৮ খ্রি: তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**দীপক কুমার রায়**
উপজেলা নির্বাহী অফিসার।

---

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
**বাঁশখালী, চট্টগ্রাম**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ: ১৪ মে ২০১৮ খ্রি:

নং **০০.৫১৭.০০০.০০.২৯.০০৪.২০১৮-৬৮০**—যেহেতু, চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলার ৭নং সরল ইউনিয়ন পরিষদের সাধারণ ৬নং ওয়ার্ডের সদস্য মোঃ আনোয়ার সিকদার গত ১৮-০৪-২০১৮ খ্রি. তারিখ মৃত্যুবরণ করেছেন;

যেহেতু; ৭নং সরল ইউনিয়ন পরিষদের নির্বাচিত সাধারণ ৬নং ওয়ার্ডের সদস্য মৃত্যুবরণ করায় উক্ত ইউনিয়ন পরিষদের সাধারণ ৬নং ওয়ার্ডের সদস্য পদটি শূন্য ঘোষণা করা আবশ্যক;

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর সংশোধনকল্পে প্রণীত আইন এর ৩৫(২) ধারা মোতাবেক প্রদত্ত ক্ষমতাবলে আমি মোহাম্মদ মাসুদুর রহমান মোল্লা (১৬২৩৭), উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালী, চট্টগ্রাম ৭নং সরল ইউনিয়ন পরিষদের স্যাাধারণ ৬নং ওয়ার্ডের সদস্য পদটি ১৮-০৪-২০১৮ খ্রি. হতে শূন্য ঘোষণা করলাম।

নং **০০.৫১৭.০০০.০০.২৯.০০৪.২০১৮-৬৮৩**—যেহেতু, চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলার ০১নং পুকুরিয়া ইউনিয়ন পরিষদের সাধারণ ৩নং ওয়ার্ডের সদস্য নজির আহমদ গত ২৯-০৪-২০১৮ খ্রি. তারিখ মৃত্যুবরণ করেছেন;

যেহেতু, ১নং পুকুরিয়া ইউনিয়ন পরিষদের নির্বাচিত সাধারণ ৩নং ওয়ার্ডের সদস্য মৃত্যুবরণ করায় উক্ত ইউনিয়ন পরিষদের সাধারণ ৩নং ওয়ার্ডের সদস্য পদটি শূন্য ঘোষণা করা আবশ্যক;

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর সংশোধনকল্পে প্রণীত আইন এর ৩৫(২) ধারা মোতাবেক প্রদত্ত ক্ষমতাবলে আমি মোহাম্মদ মাসুদুর রহমান মোল্লা (১৬২৩৭), উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালী, চট্টগ্রাম ১নং পুকুরিয়া ইউনিয়ন পরিষদের স্যাাধারণ ৩নং ওয়ার্ডের সদস্য পদটি ২৯-০৪-২০১৮ খ্রি. হতে শূন্য ঘোষণা করলাম।

**মোহাম্মদ মাসুদুর রহমান মোল্লা**
উপজেলা নির্বাহী অফিসার।

---

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
**জকিগঞ্জ, সিলেট**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১২ বৈশাখ ১৪২৫/২৫ এপ্রিল ২০১৮

নং **০৫.৪৬.৯১৯৪.০০০.২০.০০৬.১৬.৩৩৮**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(ঙ)(২) ধারার প্রদত্ত ক্ষমতাবলে আমি বিজন কুমার সিংহ, উপজেলা নির্বাহী অফিসার, জকিগঞ্জ, সিলেট এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জকিগঞ্জ উপজেলাধীন ৭নং বারঠাকুরী ইউনিয়ন পরিষদের সদস্য জনাব সুনাম আহমদ গত ১৯ এপ্রিল ২০১৮ তারিখে মৃত্যুবরণ করেছেন (নিম্নস্বাক্ষরকারীকে স্থানীয় ০৭নং বারঠাকুরী ইউপির ২৩ এপ্রিল ২০১৮ তারিখের ৬.৯১.৯৪. ১৯/২০১৮(৭৬) নং স্মারকে অবহিত করা হয়)। তাই উল্লিখিত বিধি মোতাবেক উক্ত ইউপি সদস্য এর মৃত্যুজনিত কারণে ০৭নং বারঠাকুরী ইউপির ০৯ নং ওয়ার্ডের সদস্য পদটি ১৯ এপ্রিল ২০১৮ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**বিজন কুমার সিংহ**
উপজেলা নির্বাহী অফিসার।

## উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
## কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম

### বিজ্ঞপ্তি

তারিখ: ০১ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ /১৫ মে ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৫.৪৭.৪৯৫২.০০২.০০৩.০৮৫.১৮.৪১০**—যেহেতু, কুড়িগ্রাম সদর উপজেলাধীন ৭নং মোগলবাসা ইউনিয়ন পরিষদের ৬নং সাধারণ ওয়ার্ডের নির্বাচিত সদস্য জনাব মোঃ আব্দুর রহমান গত ৩০-০৪-২০১৮ খ্রি: তারিখে ইন্তেকাল করেন;

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) ধারা অনুযায়ী আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ আমিন আল পারভেজ, উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম ৭নং মোগলবাসা ইউনিয়ন পরিষদের ৬নং স্যাধারণ ওয়ার্ডের নির্বাচিত ওয়ার্ড সদস্য পদটি এতদ্বারা শূন্য ঘোষণা করছি।

**মোঃ আমিন আল পারভেজ**
উপজেলা নির্বাহী অফিসার।

---

## উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
## ভোলা সদর, ভোলা

### বিজ্ঞপ্তি

তারিখ: ৮ মে ২০১৮ খ্রি:

**নং ৪৬.১০.০৯১৮.০০০.১৮.০৯৮.১৩-২৮৯**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভোলা সদর উপজেলাধীন ৪নং কাচিয়া ইউনিয়নের নদী ভাঙ্গনের কারণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ১২ ও ১৩ ধারা মোতাবেক জনাব মোঃ দেলোয়ার হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ভোলা সদর, ভোলাকে ডিলিমিটেশন কর্মকর্তা নিয়োগ করা হয়। ডিলিমিটেশন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রতিবেদন মোতাবেক ৪নং কাচিয়া ইউনিয়নের ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯নং ওয়ার্ড পুনর্বিন্যাস করে নিম্নোক্ত সীমানা চূড়ান্তভাবে নির্ধারণ করা হল:

| ক্রঃ নং | সীমানা (Demarcation) | মন্তব্য |
|---|---|---|
| ১. | পরাণগঞ্জ গ্রামের মিরা বাড়ির ব্রীজ থেকে উত্তরে পরাণগঞ্জ হাফিজিয়া মাদ্রাসার দক্ষিণ পাশ দিয়ে সোজা পূর্ব দিকে বারেক ছৈয়ালের বাড়ির পাশ দিয়ে পূর্ব দিকে জলিলের বাড়ির পাশের খাল হয়ে পাকা রোড দিয়ে দক্ষিণ দিকে ধনিয়া-কাচিয়া খালের উত্তর পাশ হয়ে পশ্চিম দিকে পরাণগঞ্জ মীরা বাড়ির ব্রীজ পর্যন্ত সাহামাদার ১নং ওয়ার্ড। | |
| ২. | সাহামাদার গ্রামের ছগিরের দোকানের সামনের পাকা রোডের পশ্চিম পাশ থেকে গারিয়াল খালের দক্ষিণ পাশ দিয়ে পরাণগঞ্জ বাজার পার হয়ে পশ্চিমে কাচিয়া-বাপ্তা খাল হয়ে পরাণগঞ্জ মীরা বাড়ির ব্রীজ হয়ে পরাণগঞ্জ হাফিজিয়া মাদ্রাসা সহকারে পূর্বদিকে ১নং ওয়ার্ডের সীমানা দিয়ে উত্তরে লাল মিয়া বাড়ির পশ্চিম পাশ দিয়ে পূর্ব দিকে তের বোয়ালিয়া খালের উত্তর পাশ হয়ে ফারুক মাঝির বাড়ির উত্তর পাশ দিয়ে পাকা রোড হয়ে পুনরায় সাহামাদার গ্রামের ছগিরের দোকান পর্যন্ত সাহামাদার ২নং ওয়ার্ড। | |
| ৩. | সাহামাদার গ্রামের ফারুক মাঝির বাড়ি সহকারে ২নং ওয়ার্ডের সীমানা দিয়ে তের বোয়ালিয়া খালের দক্ষিণ পাশ দিয়ে পশ্চিমে লাল মিয়ার বাড়ি সহকারে দক্ষিণে বারেক ছৈয়ালের বাড়ি হয়ে ১নং ওয়ার্ডের সীমানা হয়ে পূর্ব দিকে জলিলের বাড়ি সহকারে পাকা রোড দিয়ে উত্তর দিকে আলমগীর এর দোকানের কাছে এস নাজমুল হক এর বাড়ি, ফজলে করিম হাওলাদার বাড়ি ও মাসুম ছৈয়াল এর বাড়ি সহকারে ফারুক মাঝির বাড়ি পর্যন্ত সাহামাদার ৩নং ওয়ার্ড। | |
| ৪. | কাচিয়া গ্রামের পূর্ব-উত্তর কর্নারে ইলিশা ইউনিয়নের সীমানা হয়ে কাচিয়া ইউনিয়ন পরিষদ ভবনের সামনে দিয়ে ছগিরের দোকানের সামনে দিয়ে দক্ষিণ দিকে আলমগীরের দোকান পার হয়ে বারেক হাওলাদার বাড়ির উত্তর পাশ দিয়ে পূর্ব দিকে শাজাহান মিস্ত্রির বাড়ি হয়ে বেরীবাঁধ পার হয়ে মেঘনা নদী পর্যন্ত সাহামাদার ও কাচিয়া গ্রামের অংশ নিয়ে ৪নং ওয়ার্ড। | |
| ৫. | সাহামাদার গ্রামের মোস্তফা হাওলাদার এর বাড়ির সামনের পাকা রোড হয়ে উত্তর দিকে বারেক হাওলাদার বাড়ি সহকার পূর্ব দিকে আলমগীরের বাড়ি সহকারে বীর মুক্তিযোদ্ধা তছিরের বাড়ির পাশের খাল হয়ে দক্ষিণ দিকে ধনিয়া-কাচিয়া সীমানার খাল হয়ে পশ্চিম দিকে মোস্তফা হাওলাদার এর বাড়ির কালভার্ট পর্যন্ত সাহামাদার ও ভবানীপুর গ্রামের অংশ নিয়ে ৫নং ওয়ার্ড। | |
| ৬. | কালিকা নগর গ্রামের চেয়ারম্যানের খাল হয়ে খড়কি সরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারে ধনিয়া-কাচিয়া খালের উত্তর পাশ দিয়ে বীর মুক্তিযোদ্ধা তছিরের বাড়ির খালের পূর্ব পাশ দিয়ে উত্তর দিকে শাজাহান মিস্ত্রির বাড়ির পূর্ব পাশ দিয়ে রোড হয়ে পূর্ব দিকে বেরীবাঁধ হয়ে মেঘনা নদী পর্যন্ত গিয়ে মেঘনার পাড়ে পাড়ে দক্ষিণ দিকে কালিকা নগর গ্রামের চেয়ারম্যানের খাল পর্যন্ত ভবানীপুর ও কালিকা নগর গ্রামের অংশ নিয়ে ৬নং ওয়ার্ড। | |
| ৭. | বারইপুর গ্রামের পশ্চিম-উত্তর কর্ণারে বারইপুর আশ্রয়ন প্রকল্প-২ (ভাঙ্গা প্রজেক্ট) সহকারে পূর্ব দিকে রামদেবপুর-৫ আশ্রয়ন প্রকল্পের দক্ষিণ পাশ দিয়ে সোজা পূর্ব দিকে মদনপুর ইউনিয়নের সীমানা হয়ে পশ্চিম মেঘনা নদীর পাড় হয়ে বারইপুর-১ আশ্রয়ন প্রকল্প সহকারে বারইপুর ৭নং ওয়ার্ড। | |
| ৮. | রামদেবপুর-২ আশ্রয়ন প্রকল্পের খাল হয়ে রামদেবপুর-৫ আশ্রয়ন প্রকল্প সহকারে পূর্বদিকে মধুপুর ইউনিয়নের সীমানা হয়ে উত্তর গাজীপুর ইউনিয়নের সীমানা দিয়ে রামদেবপুর-২ আশ্রয়ন প্রকল্প সহকারে নাছির মাতাব্বরের বাড়ি সহকারে পশ্চিম মেঘনার পাড় হয়ে রামদেবপুর-২ আশ্রয়ন প্রকল্পের খাল পর্যন্ত রামদেবপুর ৮নং ওয়ার্ড। | |
| ৯. | রামদেবপুর-৩ আশ্রয়ন প্রকল্প ও রামদেবপুর-৪ আশ্রয়ন প্রকল্প সহকারে গাজীপুর ইউনিয়নের সীমানা হয়ে পশ্চিমে মেঘনার পাড় হয়ে দক্ষিণে বারইপুর গ্রামের সীমানা হয়ে রামদেবপুর-৩ আশ্রয়ন প্রকল্প পর্যন্ত রামদেবপুর ৯নং ওয়ার্ড। | |

**মোঃ কামাল হোসেন**
উপজেলা নির্বাহী অফিসার।